

১. আপনি একজন বিদেশী; পোল্যান্ডে এসে নিজেকে অসহায় মনে করছেন (জীবন বিপর্য হওয়ার আশংকায় ভীত)।

কারণ কেউ :

- আপনার পাসপোর্ট / পরিচয় পত্র ছিনিয়ে নিয়েছে;
- আপনাকে প্রহার করেছে / হুমকি দিয়েছে অথবা ব্ল্যাকমেইল করছে
- জোরপূর্বক আপনাকে পতিতাবৃত্তি, চুরি কিংবা ভিক্ষাবৃত্তির মত মানবেতর কাজ করতে বাধ্য করছে এবং আপনার কষ্টার্জিত উপার্জনের টাকা আপনাকে দিচ্ছে না।

যদি এমনটি হয়ে থাকে, তাহলে আপনি নিশ্চিতভাবে মানব পাচারকারীর শিকারে পরিণত হয়েছেন।

”আপনার সাহায্য চাই” !!!

২. আপনি সব সময় যেখানে সাহায্য পেতে পারেন

ন্যাশনাল কনসাল্টিং এন্ড ইন্টারভেনশন সেন্টার ফর ভিকটিমস্ অফ ট্রাফিবিং (*KCIK*) এই সংস্থায়। সংস্থাটি মানব পাচারকারীর শিকার হওয়া মানুষদের সহায়তা ও পরামর্শ দিয়ে থাকে।

এই সেন্টার থেকে সর্বদা পাওয়া যাবেঃ

- ২৪ ঘণ্টা / ৭ দিন টেলিফোনে আপনার কর্ণীয় উপদেশ ও নির্দেশনা
- খাবার, জামাকাপড়, জুতা, সান্থ্যসামগ্রী সহ প্রয়োজনীয় জিনিসপত্র
- নিরাপদ আশ্রয়
- মনস্তাত্ত্বিক সহায়তা ও পরামর্শ
- আইনি সহায়তা / পরামর্শ
- দোভাস্বীর সহযোগিতা
- চিকিৎসা সুবিধা

উক্ত সেবা / সহযোগিতা পেতে ফোন করুন এই নম্বরেঃ +48 22 628 01 20

৩. আপনি যদি মানব পাচারকারীর শিকার হয়ে থাকেন এবং আইন প্রয়োগকারী সংস্থার সাথে যোগাযোগ করতে ইচ্ছুক হন তাহলে নিম্নোক্ত সুবিধা লাভের জন্য বিবেচিত হবেনঃ

- মানব পাচারকারীর শিকার / প্রত্যক্ষদর্শিদের জন্য পরিচালিত সুরক্ষ ও সহায়তামূলক প্রেগ্রামে অংশগ্রহণ
- সামাজিক সুযোগ সুবিধা লাভ
- পোল্যান্ডে বৈধ্য আবস্থানের সুযোগ
- নিরাপদে নিজ দেশে ফেরৎ (যদি আপনি ফেরৎ যেতে চান)

উপরোক্ত সেবা গ্রহণ করতে পুলিশ কিংবা বর্ডার গার্ডের সাথে যোগাযোগ করে আপনার অবস্থা বিস্তারিত বর্ণনা করুন এবং অসাধুচক্রের সাথে সকল যোগাযোগ পরিহার করুন।

সহায়তার জন্য সবসময় নিম্নোক্ত স্থানে যোগাযোগ করুন:

ন্যাশনাল কনসাল্টিং এন্ড ইন্টারভেনশন সেন্টার ফর ভিকটিমস্‌অফ
ট্রাফিকিং (KCIK)। ওয়ারশো, ফোন: **22 628 01 20**,
ই-মেইল: info@kcik.pl

লা স্ট্রাডা ফাউন্ডেশন এগেইনষ্ট হিউম্যান ট্রাফিকিং এন্ড স্লেভারী।
ওয়ারশো, ফোন: **22 628 99 99**

পিও এমওসি মেরি ইমাকুলেট এসোসিয়েশন ফর উইমেন এন্ড
চিলড্রেন। ওয়ারশো, ফোন: **32 255 38 69**

ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ফর মাইগ্রেশন (IOM)।
ওয়ারশো, ফোন: **22 538 91 03**